যুগান্তর

তারিখ ... 23 FEB 2016 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ......

# নর্থ সাউথ ভার্সিটিতে গ্লোবাল হেল্থ ইন্সটিটিউট স্থাপন

সমসাময়িক বিশ্ব স্বাস্থ্য সমস্যা মোকাবেলা, জনস্বাস্থ্য ও জলবায়ু পরিবর্তন বিষয়ে গবেষণায় নতুনত্ব আনার লক্ষ্যে ১৯ ফেব্রুয়ারি নর্থ সাউথ ইউনিভার্সিটিতে চালু হল গ্লোবাল হেল্?থ ইন্সটিটিউট (জিএইচআই)। স্বনামধন্য বায়োমেডিকেল বিজ্ঞানী এবং জনস্বাস্থ্য ও জলবায়ু পরিবর্তন বিষয়ে বিশেষজ্ঞ, যুক্তরাষ্ট্রের মেরিল্যান্ড বিশ্ববিদ্যালয় এবং জন হপকিন্স বিশ্ববিদ্যালয়ের পাবলিক হেল্?থ অনুষদের অধ্যাপক ড. রিতাকলওয়েল আনুষ্ঠানিকভাবে এর উদ্বোধন করেন। দীর্ঘদিন ধরে আইসিডিডিআর'বি-এর সঙ্গে জড়িত ড. কলওয়েল উদ্বোধনী বক্তৃতায় নর্থ সাউথ ইউনিভার্সিটি ক্যাম্পাসে সদ্য জিএইচআইয়ের উন্নয়নে একটি বায়োমেডিকেল সায়েন্স পরীক্ষাগার স্থাপনে কাজ করবেন বলে জানান।

নর্থ সাউথ ইউনিভার্সিটির চেয়ারম্যান এমএ কাশেম, ট্রাস্টি বোর্ডের সদস্যরা, হেল্?থ অ্যান্ড লাইফ সায়েন্স অনুষদের ডিন প্রফেসর জিইউ আহসান এবং শিক্ষক-কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

এর আগে ড. রিতাকলওয়েল বৈশ্বিক জলবায়ু পরিবর্তন ও তার প্রভাব বিষয়ক একটি সেমিনারে মূল প্রবন্ধ পাঠ করেন। এতে তিনি কলেরা সংক্রান্ত তার উল্লেখযোগ্য গবেষণাকর্ম উপস্থাপন করেন। সংবাদ বিজ্ঞপ্তি।